

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২ঃ৩২(২০১৪-১৫)/২০১৭-১৮/

তারিখ : ২৮-০৬-২০১৮ ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু, আপনি জনাব কুমুদ রঞ্জন সরকার, কর্মকর্তা (অবসরপ্রাপ্ত), বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ(উঃ) ইতিপূর্বে ময়মনসিংহ(দঃ) অঞ্চলাধীন বিকেবি, বিরুনিয়া বাজার শাখায় মাঠ কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর শৃংখলা সম্পর্কিত ৩৮(ক),(খ),(ঘ),(ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা, দূনীতি, আত্মসাত ও প্রতারণামূলক অপরাধের জন্য শৃংখলাজনিত বিভাগীয় মামলা নং-১৯/১৪-১৫ রুজুপূর্বক অত্র বিভাগের ২১-০১-২০১৫ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২ঃ৩২/২০১৪-১৫/১৫০৩ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্ত বোর্ড নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু, তদন্ত বোর্ড উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন পেশ করিয়াছেন;

০৩। যেহেতু, কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি বিচার বিশ্লেষণ পূর্বক আপনাকে গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহন করেন। উক্ত সিদ্ধান্ত মোতাবেক অত্র বিভাগের ২৮-১১-২০১৭ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২ঃ৩২/২০১৪-১৫/১৮৩৭ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণার মাধ্যমে আপনাকে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল। আপনি ১৭-১২-২০১৭ ইং তারিখে উহার জবাব দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব কুমুদ রঞ্জন সরকার আপনাকে গুরু দণ্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহন করেন;

০৪। এক্ষেপে, সেহেতু, কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ)(আ) প্রবিধি অনুসারে আপনি জনাব কুমুদ রঞ্জন সরকার আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা এককালীন কর্তন করিয়া বিকেবি, বিরুনিয়া বাজার শাখার আয় খাতে জমা করিবার জন্য আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-


জনাব কুমুদ রঞ্জন সরকার (কে-৩০৩)
কর্মকর্তা (অবসরপ্রাপ্ত)
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ(উঃ)।

স্বাক্ষরিত
(মোঃ মোশাররফ হোসেন)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২ঃ৩২(২০১৪-১৫)/২০১৭-১৮/
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

তারিখ : ২৮-০৬-২০১৮ ইং

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর- ১/২/৩, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করতঃ আদেশটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হইল।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪/কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত রায় মোতাবেক জনাব কুমুদ রঞ্জন সরকার, মুখ্য কর্মকর্তা (অবসরপ্রাপ্ত) এর প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা এককালীন কর্তন করিয়া বিকেবি, বিরুনিয়া বাজার শাখার আয় খাতে জমা করিবার সদয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ০৭। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ(উঃ)। এতদসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব কুমুদ রঞ্জন সরকার, কর্মকর্তা (অবসরপ্রাপ্ত) এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ০৮। ব্যবস্থাপক, বিকেবি, বিরুনিয়া বাজার শাখা, ময়মনসিংহ (দঃ)।
- ০৯। নথি/ মহানথি / মূলনথি।


২৮/০৬/২০১৮
(মোঃ আব্দুর রউফ)
সহকারী মহাব্যবস্থাপক